



প্রধানমন্ত্রী শেখ হাসিনা রবিবার জাতীয় সংসদ ভবন কার্যালয়ে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে জর্ডি প্রতিষ্ঠার উদ্বোধন করেন -পিআইটি

**শাহজালাল ভার্চুয়ালি ভর্তি
এসএমএস পদ্ধতি উদ্বোধন
করলেন প্রধানমন্ত্রী**

৥ বাসস ৥

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মোবাইল ফোনে এসএমএস-এর মাধ্যমে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তির স্বয়ংক্রিয় রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় উদ্বোধন করেছেন। গতকাল রবিবার প্রধানমন্ত্রী তার সংসদ কার্যালয় থেকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের (২য় পৃঃ ৪-এর কঃ ৫ঃ)

শাহজালাল ভার্চুয়ালি ভর্তি

(খবন পৃঃ পর)

আজ এসএমএস পাঠিয়ে এই পদ্ধতির উদ্বোধন করেন। উদ্বোধনকালে শেখ হাসিনা সরকারের তিশন-২০২১ বাস্তবায়নে ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠায় নতুন নতুন ধারণা ও পরিকল্পনা নিয়ে এগিয়ে আসার জন্য দেশের মেধাবী যুব সমাজের প্রতি আহ্বান জানান।

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ডিনি ড. মো. নূরুজ্জামান নেতৃত্বে বিশ্ববিদ্যালয় প্রতিনিধিদল প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাতে এই পদ্ধতি সম্পর্কে তাকে অবহিত করেন।

প্রধানমন্ত্রী বলেন, নতুন প্রযুক্তি ও ধারণা বাস্তবায়নে সরকার সকল প্রকার সহযোগিতা প্রদান করবে। জনগণের ভোগ্যের পরিবর্তনে সরকার ডিজিটাল বাংলাদেশ প্রতিষ্ঠায় বহু পরিশ্রম করবে। নতুন পদ্ধতিতে ভর্তি হতে ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা তাদের টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে গতকাল থেকে ২০ অক্টোবর পর্যন্ত রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে। জর্ডি পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য জানার জন্য 'এসইউএনটি এইচইএমপি' লিখে যে কোন মোবাইল থেকে ২৭৭৭ নম্বরে একটি এসএমএস পাঠাতে হবে।

জর্ডি পরীক্ষা এএমবি ইউনিটে নেয়া হবে। নির্দিষ্ট ইউনিটে আবেদন করার জন্য একটি টেলিটক মোবাইল থেকে প্রার্থীর যোগ্যতার প্রথম তিনটি অক্ষর, এইচএসসি রোল নম্বর, বছর এবং ইউনিটের নাম ৭৮৭ নম্বরে এসএমএস করতে হবে। আবেদনকারীর যদি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা থাকে তাহলে তিরতি এসএমএস-এর মাধ্যমে তাকে জানিয়ে দেয়া হবে এবং জর্ডি রেজিস্ট্রেশনের জন্য কনফার্মেশন চাওয়া হবে। শিক্ষার্থী নিশ্চিতকরণে তার রেজিস্ট্রেশন করা হবে এবং তাকে একটি রোল নম্বর দেয়া হবে। শিক্ষার্থীর মোবাইল ফোনের ব্যালেন্স থেকে জর্ডি ফি কেটে নেয়া হবে।

জর্ডি ফরম যোগাড় ও তা জমা দেয়ার জন্য শিক্ষার্থীদের হুয়রানি বহু এবং শিক্ষার্থীদের পাসের তথ্য সরাসরি বোর্ডের কম্পিউটারের মাধ্যমে যাচাই হবে বলে প্রতি এড়াতে ছাত্রছাত্রীদের সুবিধার জন্য এই নতুন পদ্ধতি চালু করা হচ্ছে। শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ, প্রধানমন্ত্রীর শিক্ষা উপদেষ্টা প্রফেসর আব্দুলকাদের আহমেদ, ইউজিসি চেয়ারম্যান প্রফেসর নূরুল ইসলাম, পিকা মন্ত্রণালয়ের সচিব নৈয়দ আতাউর রহমান, প্রধানমন্ত্রীর প্রেস সচিব আবুল কালাম আজাদ ও বিশ্ববিদ্যালয়ের পিকার ড. মুহাম্মদ জাফর ইকবাল প্রমুখ উপস্থিত ছিলেন।